

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা-০১
গাইড হাউস (৭ম ও ১০মতলা), নিউ বেইলীরোড, ঢাকা।
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৩৫.০৪৪.২১.৫৯৪

তারিখ: ৯ ফাল্গুন ১৪২৮

২২ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম উপজেলাধীন ছুপুয়া ছফরিয়া ফাযিল মাদ্রাসার প্রভাষক জনাব মো: জহিরুল ইসলাম (ইনডেক্স নং-C314379) এর প্রার্থিত পদবী ও বিষয় সংযোজনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: (০১) USEO, চৌদ্দগ্রাম, কুমিল্লা এর স্মারক নং-উমাশিঅ/চৌদ্দ-কুমি/১০৬; তারিখ: ২৫.০৮.২১খ্রি.

(০২) তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৭.০৩.০০৪.১৯-৩০; তারিখ: ০৮.০২.২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম উপজেলাধীন ছুপুয়া ছফরিয়া ফাযিল মাদ্রাসার প্রভাষক জনাব মো: জহিরুল ইসলাম (ইনডেক্স নং-C314379) এর এমপিও শীটে পদবী ও বিষয় সংযোজনের আবেদন সূত্রোক্ত (০১) নং স্মারকে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লা কর্তৃক অত্র অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০২। প্রতিকার প্রার্থীর আবেদনটি নিষ্পত্তির লক্ষ্যে জনাব মোহাম্মদ জাহাজীর আলম, উপ-পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন)-মাশিঅ এবং জনাব মো: শাহীনুর ইসলাম, সহকারী পরিচালক (গবেষণা ও উন্নয়ন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর- এর সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করা হয়। সূত্রোক্ত ০২ নং স্মারকে তদন্ত কমিটি কর্তৃক তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়। তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের মতামত নিম্নরূপ: “এমপিও শীটে জনাব মো: জহিরুল ইসলাম এর পদবী ও বিষয় মুদ্রিত নেই কিন্তু নিয়োগ ও যোগদানপত্রসহ নিয়োগ সংক্রান্ত কাগজ-পত্রে পদবী LEC ও বিষয় MATHEMATICS উল্লেখ আছে এবং এমপিও শীটে বেতন কোড ০৭ উল্লেখ আছে যা প্রভাষক পদবীর ক্ষেত্রে প্রযোজ্য। বিধায়, তাঁর প্রকৃত পদবী LEC ও বিষয় MATHEMATICS মর্মে জনাব মোহাম্মদ জাহাজীর আলম, উপ-পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন)-মাশিঅ এবং জনাব মো: শাহীনুর ইসলাম, সহকারী পরিচালক (গবেষণা ও উন্নয়ন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর নিকট প্রতীয়মান হয়। প্রার্থী নিজে এমপিও শীটে পদবী LEC ও বিষয় MATHEMATICS সংযোজনের জন্য আবেদন করেছেন এবং বিষয়োক্ত মাদ্রাসার অধ্যক্ষ গভর্নিং বডির সদস্যবৃন্দ পদবী LEC ও বিষয় MATHEMATICS সংযোজনের সুপারিশ করেছেন। বিধায় কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম উপজেলাধীন ছুপুয়া ছফরিয়া ফাযিল মাদ্রাসার প্রভাষক জনাব মো: জহিরুল ইসলাম (ইনডেক্স নং-C314379)) এর এমপিও শীটে পদবী LEC ও বিষয় MATHEMATICS সংযোজন করা যেতে পারে।” (কপি সংযুক্ত)

০৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লা এর সুপারিশসহ অগ্রায়ণ এবং তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মো: জহিরুল ইসলাম (ইনডেক্স নং-C314379) এর তথ্য এবং প্রার্থিত পদবী ও বিষয় নিম্নরূপঃ

ক্রমিক নং	নাম, পদবী,ইনডেক্স ও প্রতিষ্ঠানের ঠিকানা	প্রভাষক (গণিত) পদে যোগদানের তারিখ	এমপিও শীটে বিদ্যমান পদবী ও বিষয়	প্রার্থিত বিষয়	মন্তব্য
০১	জনাব মো: জহিরুল ইসলাম, প্রভাষক (ইনডেক্স নং- C314379) ছুপুয়া ছফরিয়া ফাযিল মাদ্রাসা, চৌদ্দগ্রাম, কুমিল্লা	২৫/১১/১৯৯৮খ্রি.	পদবী ও বিষয়- উল্লেখ নেই	পদবী- LEC ও বিষয়- MATHEMATICS	এমপিও শীটে বিদ্যমান পদবী ও বিষয়-উল্লেখ নেই ।আবেদনকারীর প্রার্থিত পদবী- LEC ও বিষয়- MATHEMATICS সংযোজন যোগ্য।

০৪। এমতাবস্থায়, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লা এর সুপারিশসহ অগ্রায়ণ এবং তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মো: জহিরুল ইসলাম (ইনডেক্স নং-C314379) এর পদবী LEC ও বিষয় MATHEMATICS সংযোজনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং পত্রের বর্ণনামতে যথাযথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক

বাস্তবায়ন প্রতিবেদন (Compliance Report) দাখিলের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট তদন্তকারীগণ দায়ী থাকবে।

২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে। **কোনরূপ বকেয়া দাবি করতে পারবে না।**

৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস্ ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

সংযুক্তি: ০৯ ফর্দ।

২২-২-২০২২

কে, এম, বুলুল আমীন

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক,

মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৩৫.০৪৪.২১.৫৯৪/১(৬)

তারিখ: ৯ ফাল্গুন ১৪২৮

২২ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব (উপসচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

২) জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা।

৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লা।

৪) সভাপতি/অধ্যক্ষ, ছুপুয়া ছফরিয়া ফাযিল মাদ্রাসা, চৌদ্দগ্রাম, কুমিল্লা।

৫) জনাব মো: জহিরুল ইসলাম, প্রভাষক (ইনডেক্স নং-C314379) ছুপুয়া ছফরিয়া ফাযিল মাদ্রাসা, চৌদ্দগ্রাম, কুমিল্লা।

৬) ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

২২-২-২০২২

মো: বাদশা মিয়া

পরিদর্শক (সহযোগী অধ্যাপক)